দৈনিক ইত্তেফাক

তারিখ 21 APR 2017 পৃষ্ঠা 8 কলাম 9

# কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণরা সরকারি চাকরিতে আবেদন করতে পারবে

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ মেডিক্যাল টেকনোলজিস্টরা সরকারি চাকরিতে আবেদন করতে পারবে মর্মে রায় দিয়েছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। গত ৯ এপ্রিল এ রায় দেওয়া হয় বলে বোর্ড এ্যাফেলিয়েটেড সোসাইটি ফর মেডিক্যাল টেকনোলজি ইন্সটিটিউশন্স এর দেওয়া এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০১৩ সালের ১৬ জানুয়ারি মেডিক্যাল টেকনোলজিস্টসহ (ল্যাব, ফার্মাসিস্ট, রেডিওলজি, ফিজিওথেরাপি ও ডেন্টাল) দুই হাজার ৭৭টি পদের বিপরীতে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বাস্থ্য অধিদপ্তর। এতে বলা হয়, রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক অনুমোদিত ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি থেকে সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছর মেয়াদি (তখনকার) ডিপ্লোমা কোর্স উত্তীর্ণরা এই পদের জন্য আবেদন করতে পারবে। ওই সময় কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে দেশের ২২৭টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল টেকনোলজির ডিপ্লোমা সনদ দেওয়া হলেও বিজ্ঞপ্তিতে এই সনদধারীদের অন্তর্ভুক্ত করা হয়নি। এই নিয়োগ বিজ্ঞপ্তির বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে পৃথক রিট আবেদন দায়ের করেন রাজীব কুমার মন্ডল ও নাজমুল হকসহ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ (ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি) কয়েকজন শিক্ষার্থী। গত বছরের ২৪ মে হাইকোর্ট এক রায়ে সরকারি পর্যায়ে মেডিক্যাল টেকনোলজিস্ট পদে নিয়োগে কারিগরি শিক্ষা বোর্ড ও রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ থেকে উত্তীর্ণ প্রার্থীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের সমান সুযোগ নিশ্চিত করার নির্দেশ দেয়। এই রায়ের বিরুদ্ধে রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ থেকে পাসকৃত মেডিক্যাল টেকনোলজিস্ট মো. শেখ সাদীসহ অন্যরা লিভ টু আপিল দায়ের করেন। আপিল বিভাগ ওই আবেদন নিষ্পত্তি করে উপরোক্ত রায় দেয়। -প্রেস বিজ্ঞপ্তি